*নমুনা প্রশ্নপত্র*
১। ব্যাকরণগত প্রশ্নের সঠিক উত্তর নির্বাচন করো :-
I. তন্ময়- এই সন্ধিবদ্ধ পদে যে দুটি বর্ণের সন্ধি ঘটেছে তা হল
A. ন্+ম
B. ত্+ম
C. থ্+ম
D. দ্+য়

II. “কঠোর”- শব্দের বিপরীত শব্দ হল-
A. কমল
B. কোমল
C. কঠোরতা
D. শক্ত

III. মন্তব্য : “ চোখ দিয়ে জল পড়তে লাগল।” বাক্যে 'চোখ দিয়ে' অপাদান কারক।
কারণ : অপাদান কারক কোন স্থান থেকে চ্যুত হওয়া, পতিত হওয়া ইত্যাদি বোঝায়।
A. মন্তব্য সঠিক কিন্তু কারণ ভুল।
B.মন্তব্য ভুল কিন্তু কারণ সঠিক।
C.মন্তব্য ও কারণ উভয়ই সঠিক।
D.মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

Descriptive -
I. সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ- আদান, আধান। সম্পাদন অর্থে কোন্ শব্দটি প্রযোজ্য?
II. তব্য প্রত্যয়যুক্ত একটি শব্দ উল্লেখ করো।
III. সংগীত প্রতিযোগিতায় ছেলেটি……. হয়েছে।(চার/ চতুর্থ)
IV. সুন্দর- দুইয়ের মধ্যে তুলনা করে এই শব্দের সঠিক রূপ সহযোগে বাক্য গঠন করো।
V. মধুর - বহুর মধ্যে তুলনা করে এই শব্দের সঠিক রূপ সহযোগে বাক্য গঠন করো।
VI. আমি - এই শব্দের বহুবচনের অপাদান কারকের শব্দরূপ বাক্যে প্রয়োগ করো।
VII. (আকাশে উড়ে যে) চিহ্নিত বাক্যাংশকে এককথায় প্রকাশ করে বাক্যটি পুনরায় লেখো
VIII. ১+১/৪-এই ভগ্নাংশকে কথায় লেখো।
IX. অর্থ পার্থক্য দেখাও- বিস, বিশ
X. ণত্ব বিধানের শর্তানুযায়ী “ করুন”- শব্দে দন্ত্য ন কেন তা বুঝিয়ে দাও।